



সমকাল

দৈনিক সমকাল ১১-১২-২০২৩, পৃষ্ঠা-১২



ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে আন্তর্জাতিক সম্মেলন

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটিতে অনুষ্ঠিত হলো 'ওয়েবমেট্রিক্স, ইনফরমেট্রিক্স এবং সায়েন্সমেট্রিক্স' বিষয়ক তিন দিনব্যাপী আন্তর্জাতিক সম্মেলন। গত শুক্রবার শুরু হয়ে সম্মেলনটি শেষ হয় গতকাল রোববার। কোলনেট সোসাইটি ফর লাইব্রেরি প্রফেশনালস, স্পেশাল লাইব্রেরি অ্যাসোসিয়েশন ও এশিয়া কমিউনিটির সহযোগিতায় সম্মেলনটি আয়োজন করা হয়। উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারপারসন সৈয়দ মঞ্জুর এলাহী। স্বাগত বক্তব্য দেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক শামস রহমান।